

## নাট্যকলা বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৫

ফোন : দপ্তর ০৭২১-৭১১১৪৫

ফ্যাক্স : +৮৮-০৭২১-৭৫০০৬৪

ই-মেইল : theatre.ru26@gmail.com



Department of Theatre

University of Rajshahi

Rajshahi-6205

Phone : Off. 0721-711145

Fax : +88-0721-750064

E-mail : theatre.ru26@gmail.com

স্মারক নং- নাট্য:/

/২০১৯

তারিখ : ২০.০৪.২০১৯

### নাট্যকলা বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়

#### থিয়েটার জার্নাল ৩য় সংখ্যার জন্য গবেষণা-প্রবন্ধ আহ্বান

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের গবেষণা পত্রিকা *থিয়েটার জার্নাল* ৩য় সংখ্যার জন্য শিল্প, সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক গবেষণাধর্মী মৌলিক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য *থিয়েটার জার্নাল*-এ থিয়েটারবিষয়ক গবেষণা-প্রবন্ধ অগ্রাধিকারভিত্তিতে বিবেচিত হয়। প্রবন্ধ পাঠানোর ঠিকানা: সম্পাদক, *থিয়েটার জার্নাল*, নাট্যকলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। প্রবন্ধ পাঠানোর শেষ তারিখ আগামী ৩০ জুন ২০১৯।

#### প্রবন্ধকারের জন্য জ্ঞাতব্য

১. কম্পিউটার কম্পোজকৃত দুই কপি প্রিন্টেড পাণ্ডুলিপি ও একটি সিডি কপি সম্পাদক বরাবর প্রেরণ করতে হবে। প্রবন্ধের একটি সফট কপি theatrejournalrubd@gmail.com-এ Send করতে হবে।
২. প্রবন্ধ কম্পোজ হবে MS Word-এর SutonnyMJ ফন্টে। ফন্ট সাইজ হবে ১৪। লাইন স্পেস হবে ১.৫। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Times New Roman ব্যবহৃত হবে। ফন্ট সাইজ হবে ১২, লাইন স্পেস হবে ১.৫।
৩. প্রবন্ধের প্রারম্ভ পৃষ্ঠায় লেখকের নাম ও পদবির উল্লেখ থাকবে না। একটি স্বতন্ত্র পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচয় লিপিবদ্ধ থাকবে।
৪. প্রবন্ধ A-4 সাইজ কাগজে অনধিক ১৪ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
৫. বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অথবা বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধানের প্রথম ভুক্তি অনুযায়ী প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়। ইংরেজির ক্ষেত্রে বৃটিশ ফরমেট অনুসরণ করা আবশ্যিক।
৬. উদ্ধৃতির মূল বানানের পরিবর্তন করা যাবে না। লেখক কোনো বিশেষ বানানবৈশিষ্ট্য রক্ষায় সচেষ্টিত হলে তা অক্ষুণ্ণ রাখা হবে। তথ্যনির্দেশ ও টীকার জন্য শব্দের উপর অধিলিপিতে (সুপার স্ক্রিপ্ট) সংখ্যা ব্যবহার করতে হবে (যেমন : ' )।
৭. তথ্যনির্দেশ লেখক বা লেখকগণের পূর্ণ নাম থাকবে। বই ও পত্রিকার উৎস দেখানোর সময় অনুসরণীয় নীতি হলো : মুহম্মদ শহীদুল্লাহ, *বাঙ্গলা ভাষার ইতিবৃত্ত*, (ঢাকা : মাওলা ব্রাদার্স, ১৯৯৮), পৃ. ৪০
৮. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে তা পৃথক অনুচ্ছেদে উপস্থাপন করতে হবে। নাটকের উদ্ধৃতিতে মূলের পঙ্ক্তি-বিন্যাস থাকবে।
৯. গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম উল্লেখ করতে হবে।
১০. প্রবন্ধের মূল পাঠের প্রারম্ভে প্রত্যেক প্রবন্ধের সঙ্গে অনধিক ২০০ শব্দের বাংলা সারসংক্ষেপ ও English abstract থাকতে হবে।
১১. সম্পাদক বরাবর লেখা প্রকাশের জন্য একটি আবেদন পাঠাতে হবে। আবেদনে অবশ্যই পূর্ণ ঠিকানা, যোগাযোগের নম্বর ও ই-মেইল ঠিকানা থাকতে হবে।
১২. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেয়া হয় না। প্রবন্ধ প্রকাশিত হলে লেখক তার কপি পাবেন।
১৩. রিভিউয়ার কর্তৃক সংশোধন/সংযোজন/বিয়োজনের পরামর্শ থাকলে সম্পাদনা পর্যদের প্রদত্ত সময়ের মধ্যে তা সংশোধন/সংযোজন/বিয়োজন করে পাঠাতে হবে।

(ড. মো. আতাউর রহমান)

সম্পাদক *থিয়েটার জার্নাল*

ও

সভাপতি

নাট্যকলা বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়,

রাজশাহী-৬২০৫।